চেয়ারম্যানের কার্যালয়

# ৬নং মোমিনপুর ইউনিয়ন পরিষদ

সভার কার্য বিবরনী ও মন্তব্য বহি

সভার স্থানঃ মোমিনপুর ইউপি হল রুম
তারিখঃ ১৮/০৫/২০২৩
বার ঃ বৃহস্পতিবার
সময় ঃ সকাল ৩:০০ ঘটিকা

অনুলিপি

| ক্রমিক নং | উপস্থিত সদস্যগনের নাম | পদবী | স্বাক্ষরিত |
|---|---|---|---|
| ১ | মোঃ নজরুল ইসলাম সরকার | ইউপি চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ২ | মোছাঃ ফজিলা খাতুন | ইউপি সদস্যা | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ রোকসানা আক্তার | ইউপি সদস্যা | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ লুৎফুন নাহার | ইউপি সদস্যা | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ আসাদুজ্জামান | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | মোঃ আমিনুল ইসলাম দুলাল | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | মোঃ মিজানুর রহমান | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ রুস্তম আলী | শিক্ষক সদস্য | স্বাক্ষরিত |
| ৯ | মোছাঃ ইয়াছমিন | ক্লাব প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ নুরুল ইসলাম | কমিউনিটি পুলিশ সদস্য | |
| ১১ | মোঃ আরিফুল ইসলাম | কমিউনিটি পুলিশ সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ লিয়াকত আলী | কমিউনিটি পুলিশ সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | বলহরি রায় | কমিউনিটি পুলিশ সদস্য | স্বাক্ষরিত |
| ১৪ | মোঃ গোলাম মোস্তফা | কমিউনিটি পুলিশ সদস্য | স্বাক্ষরিত |
| ১৫ | মোঃ পলাশ হোসেন | কমিউনিটি পুলিশ সদস্য | স্বাক্ষরিত |
| ১৬ | মোঃ মিজানুর রহমান | কমিউনিটি পুলিশ সদস্য | স্বাক্ষরিত |
| ১৭ | মোঃ মনজেল আলী | কমিউনিটি পুলিশ সদস্য | স্বাক্ষরিত |
| ১৮ | সুজন দাস | ল্যাম্ব প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৯ | মোঃ আঃ হাকিম | ঈমাম সদস্য | স্বাক্ষরিত |
| ২০ | মোঃ ওয়াজেদ আলী | কাজী সদস্য | স্বাক্ষরিত |
| ২১ | মোঃ জয়নাল আবেদীন | গন্যমান্য সদস্য | স্বাক্ষরিত |
| ২২ | মোঃ আজিজার রহমান | বীর মুক্তিযোদ্ধা সদস্য | স্বাক্ষরিত |
| ২৩ | মোঃ শাহারিয়া | ছাত্র সদস্য | স্বাক্ষরিত |
| ২৪ | এ, কে, এম মমিনুল ইসলাম | ইউপি সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয়সমুহঃ

১। মে/২০২৩ ইং মাসের ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা প্রসংগে।

২। বিবিধ -

অদ্যকার আলোচনা সভায় জনাব মোঃ নজরুল ইসলাম সরকার ইউপি চেয়ারম্যান সভাপতির আসন গ্রহণ করিলে সভার কার্য শুরু হয়। অতপর গত সভার ধারাবাহিক কার্য বিবরণী পাঠ করে শুনালে উহাতে কোন কিছু সংশোধনী না থাকায় তা সকলের সম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভাপতি সাহেব উপস্থিত সদস্যগনের সহিত কুশলাদি বিনিময় করিয়া বলেন য়ে, আমাদের ইউনিয়নের বিগত মাসে নারী ও শিশু নির্যাতন এবং বাল্য বিবাহের কোন ঘটনার খবর পাওয়া যায় নাই। আগামীতে যাহাতে উক্ত ঘটনার সূত্রপাত না হয় সে ব্যাপারে কমিটির সকল সদস্যকে নিজ নিজ অবস্থান থেকে প্রচার করার জন্য সভাপতি সাহেব অনুরোধ করেন। বিশেষ করে নারী ও শিশু নির্যাতন আইনে অপরাধের জন্য, বিভিন্ন ধরনের শাস্তি, অর্থদন্ড ও মৃত্যুদন্ড এবং বাল্য বিবাহের কুফল সম্পর্কে নিজ নিজ এলাকায় উঠান বৈঠক করার জন্য সভাপতি সাহেব ওয়ার্ড সদস্য/সদস্যাগনকে অনুরোধ করেন। কমিউনিটি পুলিশ সদস্যগনকে তাহাদের ওয়ার্ডের শিক্ষা প্রতিষ্ঠান সমূহে যাহাতে ছাত্র/ছাত্রীরা অবাধে যাতায়াত করিতে পারে সে ব্যপারে বিদ্যালয় চলাকালীন সময় পাহারা নিশ্চিত করার জন্য এবং এলাকায় কোন বাল্য বিবাহের সংবাদ পাওয়া মাত্রই প্রয়োজনীয় ব্যবস্থা প্রহনের জন্য নির্দেশ দেন।

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে এবং পারিবারিক বিরোধ নিরসনে ইউনিয়নে নারী বিষয়ক কার্যক্রম পর্যালোচনা করিয়া নারী উন্নয়নের জন্য প্রশিক্ষনের এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রনয়নের জন্য সভায় সিদ্ধান্ত গ্রহিত হয়।

নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহ ও যৌতুক প্রতিরোধ, নারী নির্যাতন বন্ধের জন্য সামাজিক প্রতিরোধ তৈরির জন্য স্কুল, কলেজ, মক্তব ও মাদ্রাসার শিক্ষক এবং মসজিদের ইমাম, মন্দিরের পুরহিতগন এবং অন্যান্য ধর্মীয় নেতাদের মাধমে প্রচার চালানোর ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।